

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিপি-৩ শাখা
www.mopa.gov.bd

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ মফিদুর রহমান, যুগ্মসচিব (সিপি), জনপ্রশাসন মন্ত্রণালয়
সভার তারিখ ও সময় : ১৫/০৩/২০২০ সকাল ১১:০০ টা।
সভার স্থান : যুগ্মসচিব (সিপি)-র অফিস কক্ষ (ভবন নং-০৭, কক্ষ নং ৪) জনপ্রশাসন মন্ত্রণালয়।
সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ : পরিশিষ্ট-ক

সভাপতি কর্তৃক উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। উপসচিব (সিপি-৩) সভাকে অবহিত করেন যে ২০১৯-২০ অর্থবছরে জনপ্রশাসন মন্ত্রণালয় ০৩ (তিন) টি উদ্ভাবনী ধারণা গ্রহণ করেছে এবং ২৯/১০/২০১৯ তারিখে সেগুলো জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। ইতোমধ্যে ৭ মাস অতিক্রান্ত হয়েছে। উদ্ভাবনী ধারণাসমূহ বাস্তবায়নের কার্যক্রম ত্বরান্বিত করার জন্য সভাপতি গুরুত্ব আরোপ করেন। যুগ্মসচিব (সিপি), জনপ্রশাসন মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জন ও নির্ধারিত সময়ে বাস্তবায়ন এবং কর্মপরিকল্পনায় উল্লিখিত বিষয়গুলো যথা- বিভাগীয় পর্যায়ে ইনোভেশন শোকেসিং-২০২০ এর প্রতিবেদন সংগ্রহ ও প্রতিবেদনসমূহ নিয়ে ডকুমেন্টেশন তৈরিসহ অন্যান্য কার্যক্রমগুলো যথাসময়ে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্ভাবনী উদ্যোগসমূহ যথাসময়ে বাস্তবায়নের বিষয়ে উপস্থিত কর্মকর্তাগণের মতামত আহ্বান করা হয়।

০২। সিনিয়র সহকারী সচিব, প্রেষণ-২ বলেন, ‘সরকারি কর্মচারীদের পদায়ন/বদলি/পদোন্নতির অফিস আদেশ মোবাইলে নোটিফিকেশন প্রেরণের মাধ্যমে কর্মকর্তাগণকে অবহিতকরণ’ বিষয়ক উদ্ভাবনী উদ্যোগটি বাস্তবায়নের জন্য এটুআই এর সহযোগিতা নেওয়া প্রয়োজন।

০৩। ‘জনপ্রশাসন মন্ত্রণালয়ে ডিসপ্লে (কিয়স্ক) স্থাপন’ উদ্ভাবনী ধারণার বিষয়ে উপসচিব, সিপি-৩ সভাকে অবহিত করেন যে বর্তমানে (কিয়স্ক) এর বিষয়বস্তু নির্ধারণের কাজ চলছে। ঠিকাদার নিয়োগ ও কার্যাদেশ প্রদান সংক্রান্ত কাজ দ্রুত বাস্তবায়ন করা হবে।

০৪। উপসচিব, বিধি-১ শাখার সঙ্গে যোগাযোগ করে জানা যায়, ‘অনুসন্ধানের মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট থেকে এবং এ্যাপের মাধ্যমে মোবাইল থেকে সরকারি বিধি-বিধান সংগ্রহ’ এর কাজ চলছে। প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী পদক্ষেপ নেয়া সম্ভব হবে।

০৫। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক্র. নং	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	‘সরকারি কর্মচারীদের পদায়ন/বদলি/পদোন্নতির অফিস আদেশ মোবাইল নোটিফিকেশন প্রেরণের মাধ্যমে কর্মকর্তাগণকে অবহিতকরণ’ শীর্ষক অ্যাপস ওয়েবসাইটে চালুকরণের জন্য এটুআই এর সহযোগিতা প্রয়োজন। এ বিষয়ে এটুআই-এর প্রকল্প পরিচালক বরাবর সহযোগিতা চেয়ে দ্রুত পত্র প্রেরণ করতে হবে।	উপসচিব (সিপি-৩ শাখা) সিস্টেম এনালিস্ট (পিএসিসি) ও সিনিয়র সহকারী সচিব, (প্রেষণ-২ শাখা)

২.	‘জনপ্রশাসন মন্ত্রণালয়ে ডিসপ্লে (কিয়স্ক) স্থাপন’ বিষয়ক অ্যাপস তৈরির কাজ বাস্তবায়নের জন্য সিপি-৩ শাখা প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। দ্রুত কিয়স্ক-এ উপস্থাপিতব্য বিষয়বলী নির্ধারণ করার কাজ সম্পন্ন করতে হবে। এ বিষয়ে পিএসিসি-র সিস্টেম এনালিস্ট কারিগরি সহায়তা প্রদান করবেন।	উপসচিব (সিপি-৩ শাখা) ও সিস্টেম এনালিস্ট (পিএসিসি)
৩.	‘অনুসন্ধানের মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট থেকে এবং অ্যাপের মাধ্যমে মোবাইল থেকে প্রয়োজনীয় সরকারি বিধি-বিধান সংগ্রহ’ শীর্ষক উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের নিমিত্ত এটুআই-এর সহযোগিতা গ্রহণ করা হবে। এ বিষয়ে সিপি-৩ শাখা হতে এটুআই-এর প্রকল্প পরিচালক বরাবরে একটি অনুরোধ পত্র প্রেরণ করা হবে।	উপসচিব (বিধি-১ শাখা) ও উপসচিব (সিপি-৩ শাখা)

০৬। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত
তারিখ: ১৮-০৩-২০২০
(মোঃ মফিদুর রহমান)
যুগ্মসচিব (সিপি)
ও
চিফ ইনোভেশন অফিসার

নং-০৫.০০.০০০০.১৯৭.০৫.০০৬.১৯-২৪


০৫ চৈত্র, ১৪২৬
তারিখ : -----
১৯ মার্চ, ২০২০

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। জনাব মোঃ মফিদুর রহমান, যুগ্মসচিব, সিপি অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ০২। জনাব মোহাম্মদ আবদুল লতিফ, যুগ্মসচিব, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ০৩। বেগম নাফরিজা শ্যামা, উপসচিব, পরিকল্পনা অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ০৪। জনাব মোঃ তমিজুল ইসলাম খান, উপসচিব, উনি-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ০৫। জনাব মোহাম্মদ রেজাউল করিম, উপসচিব, সওব্য-২ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ০৬। বেগম শেলিনা খানম, উপসচিব, সিআর-৩ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ০৭। জনাব খালিদ মেহেদী হাসান, উপসচিব, সিপি-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ০৮। মোছাঃ নাজমা নাহার, সিনিয়র সহকারী সচিব, প্রেষণ-২ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ০৯। জনাব মুহাম্মদ হাফিজুর রহমান, সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (জনপ্রশাসন মন্ত্রণালয়ের ইনোভেশন কর্ণারে আপলোডের অনুরোধসহ)
- ১০। জনাব মোঃ মোস্তফা, এসাইনমেন্ট অফিসার, বাংলা ভাষা বাস্তবায়ন কোষ, জনপ্রশাসন মন্ত্রণালয়

অনুলিপি : সদয় অবগতির জন্য:

- ১। অতিরিক্ত সচিব (সিপিটি) এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় [অতিরিক্ত সচিব (সিপিটি) মহোদয়ের সদয় অবগতির জন্য] ;
- ২। যুগ্মসচিব (সিপি) এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় [যুগ্মসচিব (সিপি) মহোদয়ের সদয় অবগতির জন্য]।


(মোঃ আলতাফ হোসেন)
উপসচিব